

🔳 वाल-মুমিनुन | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ১১৬

া আরবি মূল আয়াত:

فَتَعْلَى اللَّهُ المَلِكُ الحَقُّ لَا إِلٰهَ إِلَّا هُوَ رَبُّ العَرشِ الكَرِيمِ ﴿١١۶﴾

🗚 অনুবাদসমূহ:

সুতরাং সত্যিকারের মালিক আল্লাহ মহিমান্বিত, তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই; তিনি সম্মানিত 'আরশের রব। — আল-বায়ান

সুউচ্চ মহান আল্লাহ যিনি প্রকৃত মালিক, তিনি ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই, সম্মানিত আরশের অধিপতি।

— তাইসিরুল

মহিমাম্বিত আল্লাহ যিনি প্রকৃত মালিক, তিনি ব্যতীত কোন মা'বৃদ নেই; সম্মানিত আরশের তিনিই রাব্ব। — মুজিবুর রহমান

So exalted is Allah, the Sovereign, the Truth; there is no deity except Him, Lord of the Noble Throne. — Sahih International

১১৬. সুতরাং আল্লাহ মহিমাম্বিত, প্রকৃত মালিক, তিনি ছাড়া কোন হক্ক ইলাহ নেই; তিনি সম্মানিত আরশের রব।

তাফসীরে জাকারিয়া

(১১৬) মহিমার্নিত আল্লাহ; যিনি প্রকৃত মালিক,[1] তিনি ব্যতীত কোন (সত্য) উপাস্য নেই; সম্মানিত আরশের অধিপতি তিনি।' [2]

- [1] অর্থাৎ, তিনি এর থেকে অনেক উধের্ব যে, তিনি তোমাদেরকে বিনা কোন উদ্দেশ্যে, খেলার ছলে বেকার সৃষ্টি করেছেন। আর তোমরা যা ইচ্ছা তাই করবে, সে ব্যাপারে কোন জবাবদিহি করতে হবে না। বরং তিনি বিশেষ এক লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে তোমাদেরকে সৃষ্টি করেছেন। আর তা হল, একমাত্র তাঁরই ইবাদত করা। সেই জন্য পরবর্তীতে বলেছেন যে, তিনিই একমাত্র উপাস্য; তিনি ছাড়া আর কোন সত্য উপাস্য নেই।
- [2] এখানে আরশের বিশেষণ (গুণ) স্বরূপ 'কারীম' বলা হয়েছে। যার অর্থ সম্মানিত। যেহেতু তার অধিপতি সম্মানিত। অথবা তার অর্থঃ মহানুভব; কারণ, সেখান হতেই রহমত ও বরকত অবতীর্ণ হয়। অবশ্য মতান্তরে এটি অধিপতি (রবে)র বিশেষণ।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2789

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন